



৩০ এপ্রিল ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

ইউনাইটেড হাসপাতালের বিরুদ্ধে “অবহেলা জনিত মৃত্যু” অভিযোগে আপীল বিভাগ প্রদত্ত অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ
প্রদান আদেশের সাধুবাদ জানাচ্ছে ব্লাস্ট

গত ২৭ মে ২০২০ তারিখে ইউনাইটেড হাসপাতালের কোভিড আইসোলেশন ইউনিটে মারাত্মক অগ্নিকাণ্ডে সেখানে চিকিৎসাধীন রোগীদের মধ্যে পাঁচজন নিহত হওয়ার ঘটনায় গতকাল ২৯ এপ্রিল ২০২১ তারিখে মাননীয় প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বে আপীল বিভাগের ছয় সদস্যের একটি বেঞ্চ হাসপাতাল কর্তৃপক্ষকে আগামী এক মাসের মধ্যে নিহত চারজনের পরিবারের প্রতি পরিবারকে কে পঁচিশ লাখ টাকা করে মোট এক কোটি টাকা ক্ষতিপূরণ প্রদানের অন্তর্বর্তীকালীন নির্দেশ প্রদান করেন।

গত ১১ জানুয়ারি, ২০২১ ইউনাইটেড হাসপাতাল হাইকোর্ট বিভাগ কর্তৃক নিহত ০৪ জনের পরিবার এর প্রতি পরিবারকে ১৫ দিনের মধ্যে ৩০ লক্ষ টাকা ক্ষতিপূরণ প্রদানের অন্তর্বর্তীকালীন নির্দেশনাকে চ্যালেঞ্জ জানিয়ে আপিল বিভাগের কাছে একটি আবেদন করে। ১৭ জানুয়ারি, ২০২১ এ আপিল বিভাগ হাইকোর্ট বিভাগের আদেশ আট সপ্তাহের জন্য স্থগিত করে।

উল্লেখ্য যে, নিহত ০৫ পরিবারের মধ্যে ০১ জনের (মৃত মনির হোসেন) পরিবার ২০ লাখ টাকার বিনিময়ে বিষয়টি পূর্বেই আদালতের বাহিরে মীমাংসা করে নেয়ায় আদালত প্রদত্ত কোন আদেশ-নির্দেশনা উক্ত পরিবারের জন্য কার্যকরী হবে না।

ব্লাস্ট আপীল বিভাগের এই সিদ্ধান্তের সাধুবাদ জানাচ্ছে এবং এই গুরুত্বপূর্ণ জনস্বার্থ বিষয়ক মামলাটি এগিয়ে নিয়ে যাওয়ার পথে সংশ্লিষ্ট সকল আইনজীবীকে অভিনন্দন জানাচ্ছে।

ব্লাস্টের গবেষণা বিশেষজ্ঞ, তাকবীর হুদা বলেন, “যেসকল অসতর্ক প্রতিষ্ঠানসমূহ কেবল লাভের জন্য ছুটে ছুটে মানুষের জীবনকে মারাত্মক অথচ প্রতিরোধযোগ্য ক্ষতির মুখে ঠেলে দিচ্ছে, তাদের দায়বদ্ধ করার ক্ষেত্রে আজকের অন্তর্বর্তী কালীন ক্ষতিপূরণ আদেশটি আমাদের এক ধাপ এগিয়ে নিয়ে যাবে। আমরা আশা করি যে ক্ষতিপূরণের চূড়ান্ত আদেশটি ক্ষতিগ্রস্ত পরিবারগুলির ক্ষতি প্রশমিত করবে এবং বেসরকারী হাসপাতালের কাছ থেকে প্রত্যাশিত তত্ত্বাবধানের মান নিশ্চিত করবে।”

ব্লাস্টের অবৈতনিক নির্বাহী পরিচালক সারা হোসেন বলেন, “যারা বেঁচে থাকার সাংবিধানিক অধিকার লঙ্ঘন করছে তাদের জবাবদিহিতা চাইবার ক্ষেত্রে সর্বোচ্চ আদালতের এই যুগান্তকারী সিদ্ধান্তটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।”

এ প্রসঙ্গে সুপ্রীম কোর্টের আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি এবং ব্লাস্টের মূখ্য আইন উপদেষ্টা বিচারপতি মোঃ নিজামুল হক বলেন, “ক্ষতিপূরণ প্রদানের এই আদেশের ফলে সাধারণ মানুষ উপকৃত হবে।” জনগণের জীবন ও অধিকার রক্ষায় এটি একটি যুগান্তকারী পদক্ষেপ যা সর্বমহলে প্রশংসিত হবে বলে তিনি বিশ্বাস করেন।

বার্তা প্রেরক



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

কমিউনিকেশন বিভাগ

বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

Mail: communication@blast.org.bd